# মঠবাড়িয়ায় বিয়ের প্রলোভনে টাকা হাতিয়ে নিলেন নারী,বিয়ের দাবিতে অনশনে ৭৫ বছরের বৃদ্ধ



সংগৃহীত ছবি

পিরোজপুরের মঠবাড়িয়ায় ৩৫ বছরের এক নারীকে বিয়ের দাবিতে দিনভর অনশন করেছেন ৭৫ বছর বয়সী এক বৃদ্ধ । উপজেলার বড়মাছুয়া ইউনিয়নের ঠুটাখালী গ্রামে গতকাল শনিবার (১৬ আগস্ট) এ ঘটনা ঘটে।

অনশনকারী বৃদ্ধের নাম আবুল কাসেম মুন্সি। তিনি বেতমোর রাজপাড়া ইউনিয়নের পশ্চিম মিঠাখালী গ্রামের মৃত আজাহার আলী মুন্সির ছেলে। স্ত্রী মারা যাওয়ার পর পুনরায় বিয়ের সিদ্ধান্ত নেন তিনি। প্রায় দুই মাস আগে মঠবাড়িয়ার ৩৫ বছর বয়সী এক নারীর সঙ্গে পরিচয় হয় তার। কাসেমের দাবি, ওই নারী বিয়ের প্রস্তাবে সম্মতি জানিয়ে তার কাছ থেকে প্রায় ৩৫ থেকে ৪০ হাজার টাকা নেন। পরে হঠাৎ করে যোগাযোগ বন্ধ করে দেন এবং ভুল ঠিকানা দেন।

আবুল কাসেম বলেন, “অনেক খোঁজাখুঁজির পর আজ সকালে তার প্রকৃত বাড়ি খুঁজে পেয়েছি। তাই আমি সিদ্ধান্ত নিয়েছি— হয় সে আমাকে বিয়ে করবে, নয়তো আমার টাকা ফেরত দেবে। এই দাবিতেই আমি অনশনে বসেছি।”

LENS ASIA

স্থানীয়রা জানান, ওই নারী আগেও একাধিকবার বিভিন্ন পুরুষকে বিয়ের প্রতিশ্রুতি দিয়ে টাকা হাতিয়ে নিয়েছেন। এ ধরনের প্রতারণা বন্ধে তার শাস্তি হওয়া জরুরি বলে মত দেন তারা। ঘটনার খবর ছড়িয়ে পড়লে ওই নারী আত্মগোপনে চলে যান। এ নিয়ে এলাকায় চলছে নানা আলোচনা-সমালোচনা।

ঠুটাখালী গ্রামের ইউপি সদস্য পলাশ ফকির জানান, উভয়েরই একাধিক বিয়ের অভিজ্ঞতা রয়েছে। বর্তমানে বৃদ্ধ অনশন থেকে সরে এসেছেন এবং তাদের বিষয়ে নতুন কোনো খোঁজ পাওয়া যাচ্ছে না।

মঠবাড়িয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আবদুল কাইয়ূম বলেন, “এমন কোনো অভিযোগ এখনও পাইনি। অভিযোগ এলে বিষয়টি খতিয়ে দেখা হবে।”